বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়।
৮৩-৮৫,মতিঝিল বানিজ্যিক এলাকা,ঢাকা-১০০০
ঋণ আদায় বিভাগ।

Email:
dgmrecovery@krishibank.org.bd

নং-প্রকা/আদায়-১(৫৭)/২০২৩-২০২৪/৬৮২ তারিখ ঃ ২৮-০৪-২০২৪খ্রিঃ

ই-মেইলযোগে

মহাব্যবস্থাপক
সকল বিভাগীয় কার্যালয়/স্থানীয় মুখ্য কার্যালয়
উপ-মহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

**বিষয় ঃ আগামী ০২/০৫/২৪ হতে ১৫/০৫/২৪ তারিখ পর্যন্ত ঋণ আদায়, বিতরণ ও স্বল্পসুদবাহী আমানত সংগ্রহ ও রেমিট্যান্স প্রদানের বিশেষ কর্মসূচি গ্রহণ এবং ১৫ মে, ২০২৪ খ্রিঃ তারিখে সকল শাখায় একযোগে "মধুমেলা" অনুষ্ঠান আয়োজন প্রসংগে।**

মহোদয়

বাংলাদেশ কৃষি ব্যাংক আবহমান বাংলার ঐতিহ্য অনুসরণ করে প্রতি বছর জ্যৈষ্ঠ মাসে "মধুমেলা" অনুষ্ঠান আয়োজন করে থাকে। বিগত বছরের ধারাবাহিকতায় চলতি অর্থবছরে আগামী ০২/০৫/২০২৪ হতে ১৫/০৫/২০২৪ খ্রিঃ তারিখ পর্যন্ত ঋণ আদায়ের বিশেষ কর্মসূচী গ্রহণ এবং ১৫/০৪/২০২৪ খ্রিঃ তারিখে সকল শাখায় একযোগে "মধুমেলা" অনুষ্ঠান আয়োজনের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।

০২। **১৫ মে, ২০২৪ খ্রিঃ তারিখের "মধুমেলা" উপলক্ষে স্থানীয় মুখ্য কার্যালয় এবং বিভাগসমূহের মধ্যে ঋণ আদায় ও বিতরণ এবং আমানত সংগ্রহের লক্ষ্যমাত্রা পরিশিষ্ট-০১ অনুযায়ী নির্ধারণ করে দেয়া হলো । বিভাগীয় মহাব্যবস্থাপকগণ প্রাপ্ত লক্ষ্যমাত্রা সমূহ তাদের আওতাধীন কর্পোরেট শাখা/মুখ্য অঞ্চল/অঞ্চলের মধ্যে প্রযোজ্যতা অনুযায়ী বন্টন করে দিবেন এবং বন্টনের একটি অনুলিপি ঋণ আদায় বিভাগে প্রেরন নিশ্চিত করবেন। অনুরূপভাবে মুখ্য অঞ্চল/ অঞ্চল প্রধানগণ তাঁদের আওতাধীন শাখাসমূহের মধ্যে আনুপাতিক হারে লক্ষ্যমাত্রা নির্ধারণ করে দিবেন।**

০৩। **একযোগে সকল শাখায় "মধুমেলা" অনুষ্ঠান সফলভাবে আয়োজনের মাধ্যমে নির্ধারিত লক্ষ্যমাত্রার শতভাগ অর্জন নিশ্চিত করার জন্য মাঠ কার্যালয়সমূহ কে বর্ণিত কার্যাদি সম্পাদনের জন্য নির্দেশ প্রদান করা হলোঃ-**

(ক) **ঋণ আদায় ঃ**

(১) **ঋণগ্রহীতাগণের সাথে ব্যক্তিগত যোগাযোগঃ** "মধুমেলা" অনুষ্ঠান সফল করার লক্ষ্যে শ্রেণীকৃত, শ্রেণীযোগ্য ও পুনঃতফসিলকৃত ঋণ গ্রহীতাগণের সাথে ব্যক্তিগত ভাবে সাক্ষাৎ ও মোবাইলের মাধ্যমে যোগাযোগ স্থাপন করে আগামী ০২/০৫/২০২৪ হতে ১৫/০৫/২০২৪ খ্রিঃ তারিখ পর্যন্ত "মধুমেলা" অনুষ্ঠানে উপস্থিত হওয়ার জন্য আমন্ত্রণ জানাতে হবে এবং শাখাকে রঙ্গিন পোস্টার/ ফুল দিয়ে সাজিয়ে উৎসব মুখর পরিবেশ সৃষ্টিসহ শাখার সামনে শামিয়ানা টানিয়ে গ্রাহক সমাবেশের আয়োজন করতে হবে;

(২) "মধুমেলা" অনুষ্ঠান সফল করার লক্ষ্যে সকল শ্রেণীকৃত, শ্রেণীযোগ্য ও পুনঃতফসিলিকৃত ঋণ গ্রহীতাগণের নিকট নোটিশ পৌছানো নিশ্চিত করতে হবে;

(৩) স্থানীয়ভাবে ডিস/ক্যাবল অপারেটরদের মাধ্যমে এতদ্‌সংক্রান্ত প্রচারনা চালাতে হবে;

(৪) স্থানীয় মুখ্য কার্যালয়/কর্পোরেট শাখা/শাখার আয় বৃদ্ধির লক্ষ্যে অবলোপনকৃত ঋণ আদায় এবং ৫২-স্থগিত সুদ হিসাব হতে আয় খাতে স্থানান্তরের নির্ধারিত বার্ষিক লক্ষ্যমাত্রার আনুপাতিক অর্জন নিশ্চিত করতে হবে;

(৫) মোকদ্দমা সংশ্লিষ্ট খাতকদের সাথে আদালতের বাইরে ব্যক্তিগত নিবিড় যোগাযোগ করে আপোষরফা/সমঝোতার মাধ্যমে উল্লেখযোগ্য সংখ্যক মোকদ্দমা নিষ্পত্তির কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে;

(৬) শীর্ষ খেলাপী ঋণ গ্রহীতাদের সাথে দ্বি-পাক্ষিক সভা আয়োজনের মাধ্যমে তাদের নিকট হতে শ্রেণীকৃত ঋণ আদায় বৃদ্ধিকরণে কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে।

**(খ) ব্যাংকের বিনিয়োগ কার্যক্রমসহ সার্বিক আর্থিক কর্মকান্ডের স্বাভাবিক গতিধারা অব্যাহত রাখার স্বার্থে লো-কস্ট ডিপোজিট (এসএনডি ও সঞ্চয়ী আমানত) এবং সুদবিহীন চলতি আমানত সংগ্রহের উপর বিশেষ গুরুত্ব আরোপসহ ব্যাংকের সেবাসমূহের প্রচারণামূলক কার্যক্রম অব্যাহত রাখতে হবে।**

(গ) কৃষির প্রধান খাত (Core Sectors) যথা- শস্য, মৎস্য, প্রাণি সম্পদসহ চলতি মূলধন ঋণ ও অন্যান্য সকল খাতে গুনগত মান সম্পন্ন ঋণ বিতরণ করে মোট ঋণ বিতরণ লক্ষ্যমাত্রার আনুপাতিক অর্জন নিশ্চিত করতে হবে এবং নবায়নযোগ্য সকল নগদ/চলতি মূলধন ঋণ হিসাব নবায়নের কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে।

চলমান পাতা-০২

CamScanner

(ঘ) এ কর্মসূচিকে সাফল্যমন্ডিত করার লক্ষ্যে ঢোল সহরত, লিফলেট ও মাইকিং এর মাধ্যমে ব্যাপক প্রচার-প্রচারণা চালাতে হবে এবং **প্রযোজ্য নোটিশ সমুহ ৩০.০৪.২০২৩ ইং তারিখের মধ্যে প্রেরণ নিশ্চিত করতে হবে।**

**(ঙ) "মধুমেলা" উপলক্ষ্যে বর্ণিত নমুনা অনুযায়ী স্থানীয় মুখ্য কার্যালয়সহ সকল কর্পোরেট শাখা/শাখায় "৬ ফুট× ২১/২ " ফুট মাপের ব্যানার (সবুজ কালারের উপর সাদা লেখা সম্বলিত) টানাতে হবে।**

| |
|---|
| **মধুমেলা অনুষ্ঠান ২০২৪**<br><br>**০২ হতে ১৫ মে, ২০২৪ খ্রিঃ**<br><br>**আয়োজনেঃ বাংলাদেশ কৃষি ব্যাংক**<br>**................... শাখা।** |

**(চ) "মধুমেলা" অনুষ্ঠানে স্থানীয় প্রতিনিধি ও প্রশাসনের কর্মকর্তাগণকে উপস্থিত থাকার আমন্ত্রণ জানাতে হবে এবং** আমানত হিসাব খোলা, ঋণ বিতরণ এবং আদায়ে আগত গ্রাহকগণকে যতদ্রুত সম্ভব সেবা প্রদান নিশ্চিত করতে হবে।

**০৪। সকল বিভাগীয় কার্যালয়/স্থানীয় মুখ্য কার্যালয় ১৫-০৫-২০২৪ তারিখ অনুষ্ঠেয় "মধুমেলা" অনুষ্ঠানে অঞ্চলওয়ারী সংকলিত বিবরণী সংযুক্ত (পরিশিষ্ট-০২) ছকে ১৫-০৫-২০২৪ তারিখ বিকাল ৫.৩০ ঘটিকার মধ্যে ঋণ আদায় বিভাগে ই-মেইলযোগে প্রেরণ নিশ্চিত করতে হবে।**

**০৫। উপরোক্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে অনুসরণ ও পরিপালনপূর্বক অধিক পরিমাণে অবলোপনকৃত ঋণ, ৫২-স্থগিত সুদযুক্ত শ্রেণীকৃত ঋণ (CL), পুনঃতফসিলকৃত ঋণ এবং অনাদায়ী শ্রেণীযোগ্য ঋণ-২ (WCL-2) সুদসহ সম্পূর্ণ আদায়ের বিষয়টি সর্বোচ্চ অগ্রাধিকার দিয়ে ১৫ মে, ২০২৩ খ্রিঃ তারিখের "মধুমেলা" অনুষ্ঠান সফল বাস্তবায়নে কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।**

অনুমোদনক্রমে-

28.04.2024.

(মোহাম্মদ সালাহউদ্দীন রাজীব)
মহাব্যবস্থাপক
ঋণ আদায় মহাবিভাগ

নং-প্রকা/আদায়-১(৫৭)/২০২৩-২০২৪/৬৮২

তারিখ ঃ ২৮-০৪-২০২৪ খ্রিঃ

সদয় অবগতি ও পরবর্তী ব্যবস্থা গ্রহণের নিমিত্ত অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।

০২। স্টাফ অফিসার, সকল উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।

০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর,বিকেবি,প্রকা/অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।

০৪। বোর্ড সচিব, পর্ষদ সচিবালয়/সকল উপমহাব্যবস্থাপক/বিভাগীয় প্রধান/সকল প্রমোটর, বিকেবি, প্রকা, ঢাকা। **অত্র পত্রটি ব্যাংকের ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগকে অনুরোধ করা হলো।**

**০৫। উপমহাব্যবস্থাপক, বাজেট ও ব্যয় নিয়ন্ত্রণ বিভাগকে ব্যাংক ব্যবস্থাপনা কর্তৃপক্ষের অনুমোদন অনুযায়ী "মধুমেলা" অনুষ্ঠান সফল বাস্তবায়নের লক্ষ্যে শাখা প্রতি ব্যয় বাবদ গড়ে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা করে সংশ্লিষ্ট কার্যালয়ের অনুকূলে বরাদ্দ প্রদান করার জন্য অনুরোধ করা হলো। বিভাগীয় কার্যালয়/মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয় শাখা সমূহের সম্ভাব্যতা বিবেচনা করে বরাদ্দ পুণঃবন্টন করতে পারবেন।**

০৬। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, সকল বিভাগীয় নিরীক্ষা কার্যালয়,বিকেবি।

০৭। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা,সকল আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়,বিকেবি।

২৮/০৪/২৪

(মোহাম্মদ আজিজুর রহমান ফকির)
উপমহাব্যবস্থাপক

CamScanner

# বাংলাদেশ কৃষি ব্যাংক
## প্রধান কার্যালয়, ঢাকা।
## ঋণ আদায় বিভাগ।

**বিষয়ঃ আগামী ০২ হতে ১৫ মে পর্যন্ত বিশেষ কর্মসূচী ও ১৫-০৫-২০২৪ ইং তারিখে অনুষ্ঠেয় " মধুমেলা " অনুষ্ঠানের বিভিন্ন খাতের লক্ষ্যমাত্রা ।**

(কোটি টাকায়)

| ক্রঃ নং | বিভাগের নাম | আমানত সংগ্রহ | ঋণ বিতরণ | ঋণ আদায় | | | | | সর্বমোট ঋণ আদায়ের লক্ষ্যমাত্রা | ৫২-স্থগিত সুদ আদায়ের লক্ষ্যমাত্রা | অবলোপনকৃত ঋণ আদায়ের লক্ষ্যমাত্রা | বৈদেশিক রেমিট্যান্স প্রদান |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | শ্রেণীকৃত ঋণ | শ্রেণীযোগ্য-২ ঋণ(নিয়মিত) | শ্রেণীযোগ্য-২ ঋণ(পুনঃতফসিল) | দ্বিগুণের আওতায় আদায়যোগ্য ঋণ | পুনঃতফসীলকৃত ঋণ (শ্রেণীযোগ্য-১,২ ও দ্বিগুণ ব্যতীত) | | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২(৫-১১) | ১৩ | ১৪ | ১৫ |
| ১ | ঢাকা | ২০০০.০০ | ১৫০০.০০ | ৪১০.০০ | ৭৫.০০ | ৩০.০০ | ৮০.০০ | ৩৮৫.০০ | ৯৮০.০০ | ৮৫.০০ | ১৯.০০ | ১০০.০০ |
| ২ | ময়মনসিংহ | ১০০.০০ | ২৯০.০০ | ৭০.০০ | ৭০.০০ | ১৭.০০ | ১৩০.০০ | ৬৮৫.০০ | ৯৭২.০০ | ৩২.০০ | ২.০০ | ৫০.০০ |
| ৩ | চট্টগ্রাম | ৯৯৫.০০ | ৮০০.০০ | ২০০.০০ | ৭০.০০ | ১২.০০ | ১০.০০ | ৬০.০০ | ৩৫২.০০ | ৩০.০০ | ৬.০০ | ৫০.০০ |
| ৪ | খুলনা | ৪৫০.০০ | ৮৩০.০০ | ৪০.০০ | ১২৫.০০ | ২৪.০০ | ১০.০০ | ৬৫.০০ | ২৬৪.০০ | ১২.০০ | ৫.৫০ | ৫০.০০ |
| ৫ | বরিশাল | ৪১০.০০ | ৩৫০.০০ | ১০.০০ | ৩০.০০ | ৩০.০০ | ৬৫.০০ | ২৭৫.০০ | ৪১০.০০ | ২০.০০ | ১.৫০ | ৫০.০০ |
| ৬ | সিলেট | ২৭৫.০০ | ৩৬০.০০ | ১৫.০০ | ৪৫.০০ | ১৮.০০ | ৩৫.০০ | ১২০.০০ | ২৩৩.০০ | ১৭.০০ | ১.৪০ | ৬৫.০০ |
| ৭ | কুমিল্লা | ৯৪০.০০ | ৮০০.০০ | ৫৫.০০ | ৫৫.০০ | ২২.০০ | ৫০.০০ | ৩১০.০০ | ৪৯২.০০ | ৪৮.০০ | ২.৭৫ | ১০০.০০ |
| ৮ | ফরিদপুর | ২৮০.০০ | ৭২০.০০ | ২৫.০০ | ৬০.০০ | ১৫.০০ | ৩৫.০০ | ১৭০.০০ | ৩০৫.০০ | ১৬.০০ | ০.৭৫ | ৬০.০০ |
| ৯ | কুষ্টিয়া | ৩৫০.০০ | ৬৫০.০০ | ২৫.০০ | ৫০.০০ | ২.০০ | ১৫.০০ | ৪৫.০০ | ১৩৭.০০ | ১৬.০০ | ০.৫০ | ৫০.০০ |
| ১০ | এলপিও | ২০০০.০০ | ১০০০.০০ | ১৩৫.০০ | ৫৫.০০ | ১৬৫.০০ | ০.০০ | ০.০০ | ৩৫৫.০০ | ১১৪.০০ | ১.০০ | ৫০.০০ |
| | সর্বমোটঃ | ৭৮০০.০০ | ৭৩০০.০০ | ৯৮৫.০০ | ৬৩৫.০০ | ৩৩৫.০০ | ৪৩০.০০ | ২১১৫.০০ | ৪৫০০.০০ | ৩৯০.০০ | ৪০.৪০ | ৬২৫.০০ |

২৮/০৪/২০২৪
(মোঃ মাহমুদুল হাসান ভূঁইয়া)
মুখ্য কর্মকর্তা

২৮/০৪/২০২৪
(মুসলিমা জাহান)
সহকারী মহাব্যবস্থাপক

CS CamScanner

বাংলাদেশ কৃষি ব্যাংক

বিভাগীয় কার্যালয়-------------- ।



**বিষয়ঃ ০২ হতে ১৫ মে পর্যন্ত বিশেষ কর্মসূচী ও ১৫-০৫-২০২৪ ইং তারিখে " মধুমেলা " অনুষ্ঠানের অর্জন সংক্রান্ত তথ্যাদি প্রেরণ প্রসঙ্গে।**

(কোটি টাকায়)

| ক্রম নং | কর্পোরেট শাখা/ মুখ্য অঞ্চল/ অঞ্চলের নাম | আমানত সংগ্রহ | | | ঋণ বিতরণ | | | ঋণ আদায়ের পরিমাণ | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | ৫২ স্থগিত সুদ আদায় | | | অবলোপনকৃত ঋণ আদায় | | | বৈদেশিক রেমিট্যান্স আহরণ | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | শ্রেণীকৃত ঋণ | | | | শ্রেণীযোগ্য ঋণ-২ | | | | | | | | বিশেষ আওতায় আদায়যোগ্য ঋণ | | | | পুনঃতফসিলীকৃত ঋণ (শ্রেণীযোগ্য-১,২ ও বিশেষ ব্যতীত) | | | | মোট ঋণ আদায় | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | নিয়মিত | | | | পুনঃতফসিল | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
| | | লক্ষ্যমাত্রা | অর্জন | হার | লক্ষ্যমাত্রা | অর্জন | হার | লক্ষ্যমাত্রা | অর্জন | | | লক্ষ্যমাত্রা | অর্জন | | | লক্ষ্যমাত্রা | অর্জন | | | লক্ষ্যমাত্রা | অর্জন | | | লক্ষ্যমাত্রা | অর্জন | | | লক্ষ্যমাত্রা | অর্জন | | | হার | লক্ষ্যমাত্রা | অর্জন | হার | লক্ষ্যমাত্রা | অর্জন | হার | লক্ষ্যমাত্রা | অর্জন | হার |
| | | | | | | | | | নগদ | সমন্বয় | মোট | | নগদ | সমন্বয় | মোট | | নগদ | সমন্বয় | মোট | | নগদ | সমন্বয় | মোট | | নগদ | সমন্বয় | মোট | | নগদ | সমন্বয় | মোট | | | | | | | | | | |
| ০ | | ০.০০ | | ০% | ০.০০ | ০.০০ | ০% | ০.০০ | | | ০.০০ | ০.০০ | | | ০.০০ | ০.০০ | | | ০.০০ | | | | | ০.০০ | | | ০.০০ | #DIV/0! | | | #### | #DIV/0! | ০.০০ | ০.০০ | #### | ০.০০ | ০.০০ | ##### | ০.০০ | ০.০০ | #DIV/0! |

মোঃ মাহমুদুল হাসান ভূঁইয়া
মুখ্য কর্মকর্তা
ঋণ আদায় বিভাগ
বিকেবি, প্রকা, ঢাকা।

মুসলিমা জাহান
সহকারী মহাব্যবস্থাপক
ঋণ আদায় বিভাগ
বিকেবি, প্রকা, ঢাকা।